# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৪২০

পর্ব-২৭: ফিতনাহ (كتاب الْفِتَن)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - যুদ্ধবিগ্রহ সম্পর্কীয়

الفصل الاول (بَاب الْمَلَاحِمِ)

---

আরবী

وَعَن عَوْف بن مَالك قَالَ: أَتَيْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي غَزْوَةِ تَبُوكَ وَهُوَ فِي قُبَّةٍ مِنْ أَدَمٍ فَقَالَ: اعْدُدْ سِتًّا بَيْنَ يَدَيِ السَّاعَةِ: مَوْتِي ثُمَّ فَتْحُ بَيْتِ الْمَقْدِسِ ثُمَّ مُوتَانٌ يَأْخُذُ فِيكُمْ كَقُعَاصِ الْغَنَمِ ثُمَّ اسْتِفَاضَةُ الْمَالِ حَتَّى يُعْطَى الرَّجُلُ مِائَةَ دِينَارٍ فَيَظَلُّ سَاخِطًا ثُمَّ فِتْنَةٌ لَا يَبْقَى بَيْتٌ مِنَ الْعَرَبِ إِلَّا دَخَلَتْهُ ثُمَّ هُدْنَةٌ تَكُونُ بَيْنَكُمْ وَبَيْنَ بَنِي الْأَصْفَرِ فَيَغْدِرُونَ فَيَأْتُونَكُمْ تَحْتَ ثَمَانِينَ غَايَةً تَحْتَ كُلِّ غَايَةٍ اثْنَا عَشَرَ أَلْفًا . رَوَاهُ الْبُخَارِيّ

رواه البخارى (3176) ـ

(صَحِيح)

বাংলা

৫৪২০-[১১] ’আওফ ইবনু মালিক (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, তাবুকের যুদ্ধের সময় আমি নবী (সা.) -এর খিদমতে আসলাম। এ সময় তিনি (সা.) একটি চামড়ার তাঁবুতে অবস্থান করছিলেন। তখন তিনি (সা.) বললেন কিয়ামতের আগের ছয়টি নিদর্শনকে তুমি গণনা করে রাখ।

১. আমার মৃত্যু।
২. অতঃপর বায়তুল মাক্বদিস বিজয়।
৩. ব্যাপক মহামারি যা তোমাদেরকে বকরির মড়কের মতো আক্রমণ করবে।
৪. ৫. ধনসম্পদের এত প্রাচুর্য হবে যে, কোন ব্যক্তিকে একশত দীনার (স্বর্ণমুদ্রা) প্রদান করলেও সে (নগণ্য মনে করে) অসন্তুষ্টি প্রকাশ করবে।
৬. অতঃপর রূমকদের (রোমানদের) সাথে তোমাদের একটি সন্ধিচুক্তি হবে, পরে তারা উক্ত চুক্তি ভঙ্গ করে তোমাদের বিরুদ্ধে আশিটি পতাকার নীচে অবস্থান নিয়ে বারো হাজার করে সৈন্য থাকবে। (বুখারী)

## ফুটনোট

সহীহ: বুখারী ৩১৭৬, সহীহুল জামি' ১০৪৫, হিলইয়াতুল আওলিয়া ৫/১২৮, আল মু'জামুল কাবীর লিত্ব তবারানী ১৪৫০০, আল মুসতাদরাক লিল হাকিম ৮২৯৫, আস সুনানুল কুবরা লিল বায়হাক্বী ১৯২৯০।

## ব্যাখ্যা

ব্যাখ্যা : আবূ দাউদে অনুরূপ বর্ণনা রয়েছে এবং উক্ত বর্ণনার শুরুতে রয়েছে যে, অচিরেই তোমরা রূমকদের (রোমানদের) সাথে সন্ধি চুক্তি করবে, অতঃপর তোমরা এবং তারা মিলিত হয়ে শত্রুর সাথে যুদ্ধ করবে, তাদেরকে তোমরা সাহায্যও করবে। অতঃপর তোমরা এক ভূখণ্ডে অবতরণ করবে। অতঃপর কুশধারী একজন লোক ক্রুশ উত্তোলন করে বলবে, ক্রুশের বিজয় হয়েছে (খ্রিষ্টানদের বিজয় হয়েছে)।
অতঃপর একজন মুসলিম তার প্রতিবাদে দাঁড়িয়ে যাবে তখন রূমকরা (খ্রিষ্টানরা) বিশ্বাসঘাতকতা করবে এবং মালহামার যুদ্ধের জন্য একত্রিত হতে থাকবে। ইবনু মাজাহর অপর বর্ণনায় মু'আয ইবনু জাবাল (রাঃ) হতে বর্ণিত রয়েছে যে, মালহামার বড় যুদ্ধ, কুসতুনিয়ার বিজয় এবং দাজ্জালের আত্মপ্রকাশ সাত মাসের মাঝেই সংঘটিত হবে। তবে ‘আবদুল্লাহ ইবনু বুসর (রাঃ)-এর বর্ণনায় রয়েছে যে, মালহামার যুদ্ধ ও মদীনাহ বিজয়ের মাঝের ব্যবধান থাকবে মাত্র ৬ বছর এবং সপ্তম বছরেই দাজ্জালের আবির্ভাব ঘটবে। (ফাতহুল বারী ৬ষ্ঠ খণ্ড, ৪১৭ পৃ.)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আউফ ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=85398

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন